# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## প্রাক নির্বাচনী পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর - দ্বিতীয় পর্ব শিক্ষাবর্ষ- ২০১৯ - ২০২০

### বিষয়: বাংলা ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগ

প্রতিনিয়ত মানুষ আলাপচারিতায় কিংবা লেখার ক্ষেত্রে শব্দ এবং বাক্যের ভুল প্রয়োগ করে যাচ্ছে। একটু সচেতন হলে এই ভুল গুলো এড়ানো সম্ভব। আজকের নমুনা প্রশ্নোত্তর গুলো থেকে তোমরা সহজেই পরীক্ষায় প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর লিখতে সক্ষম হবে।

পর্ববর্তী আলোচনায় তোমাদের জানিয়েছি ভাষা প্রয়োগে কোন কোন ক্ষেত্রে ভুল হয়ে থাকে। সে ভুলগুলো আবার স্মরণ করেই নমুনা প্রশ্নোত্তর পর্বে যাবো। ভুলগুলো হলো

◆ বানানের ভুল- যেমন "ঐক্যতান" নয় শব্দটি হবে "ঐকতান" ।

◆ ব্যবহারিক ভুল- "অশ্রু" শব্দের অর্থ চোখের জল। কিন্তু ভুলে অনেকেই অশ্রুজল লিখে। শুধু অশ্রু লিখতে হবে

◆ পদের ভুল- তার গোপন ঘটনা জানা গেছে। এখানে গোপন পদটি বিশেষণ রূপ পদ হবে গোপনীয়।

◆ বাগধারার ও প্রবাদ প্রবচনের ভুল- উলুবনে সোনা ছড়িয়ে লাভ নেই। বাক্যটি শুদ্ধ নয়। শুদ্ধ বাক্য হলো- উলুবনে মুক্তা ছড়িয়ে কোন লাভ নেই।

◆ বচনের ভুল- সকল শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। এখানে সকল ও বৃন্দ দুটি বহুবচন না হয়ে একটি ব্যাবহার করতে হবে।

◆ শব্দের দ্বৈত প্রয়োগ জনিত ভুল-পরীক্ষা চলাকালীন সময়ে এসো। এখানে কালীন ও সময় একই অর্থ, তাই যেকোন একটি লিখতে হবে।

◆ বাক্যের দুর্বল বা ভুল প্রয়োগে- 'বিরাট গরু ছাগলের হাট' বলতে গরু ছাগলকে বিরাট বোঝায়, হাটকে বোঝায় না। তাই বলতে হবে ' গরু ছাগলের বিরাট হাট।

◆ সাধু-চলিত মিশ্রণ- একই বাক্যে সাধু-চলিত মিশ্রণ দূষণীয়। তাই বাক্যে একই উত্তরে সাধু ও চলিত ভাষা দুটোর যেকোন একটি রীতিতে লিখতে হবে।

⭕ নমুনা প্রশ্ন ০১: যেকোন পাঁচটি বাক্যের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর: --

i. অন্ধ ছেলের নাম পদ্মলোচন
ii. ঘানির বলদের মতো খেটে গেলাম
iii. নীরোগী লোকেরাই প্রকৃত সুখী
iv. শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না
v. সকল পাখির নীড় বাঁধে
**vi.** দৈন্যতা প্রশংসনীয় নয়
**vii.** আমি আপনার জ্ঞাতার্থে এ কথা বললাম
**viii.** আকণ্ঠ পর্যন্ত ভোজনে সাস্থ্য হানি ঘটে

## <u>০১ নম্বর প্রশ্নের উত্তর</u>

| বাক্যের অপপ্রয়োগ | বাক্যের শুদ্ধ প্রয়োগ |
|---|---|
| I. ঘানির বলদের মতো খেটে গেলাম। | i. কলুর বলদের মতো খেটে গেলাম |
| II. শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না। | ii. শুধু গায়ের জোরে কাজ হয় না। |
| III. দৈন্যতা প্রশংসনীয় নয়। | iii. দৈন্য/দীনতা প্রশংসনীয় নয়। |
| IV. আমি আপনার জ্ঞাতার্থে এ কথা বললাম। | iv. আমি আপনার অবগতির জন্য এ কথা বললাম। |
| V. আকণ্ঠ পর্যন্ত ভোজনে সাস্থ্য হানি ঘটে। | v. আকণ্ঠ ভোজনে সাস্থ্য হানি ঘটে। |

⭕ নমুনা প্রশ্ন ০২: যেকোন পাঁচটি বাক্যের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর: --

i. তিনি মোকদ্দমায় সাক্ষী দেবেন
ii. আমি অহর্নিশি সে কথা ভাবি
iii. মাতাহীন শিশুটির পাশে কেউ দাঁড়ালো না
iv. তাহার বৈমাত্রেয় সহোদর ডাক্তার
v. রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য

vi. আবশ্যকীয় জিনিসপত্র সঙ্গে আনবে

vii. আগত শনিবার তোমার সঙ্গে দেখা হবে

viii. আমি গীতাঞ্জলী পড়েছি

## ২ নম্বর প্রশ্নের উত্তর

| বাক্যের অপপ্রয়োগ | বাক্যের শুদ্ধ প্রয়োগ |
|---|---|
| i. তিনি মোকদ্দমায় সাক্ষী দেবেন | i. তিনি মোকদ্দমায় সাক্ষ্য দেবেন |
| ii. আমি অহর্নিশি সে কথা ভাবি | ii. আমি অহর্নিশ সে কথা ভাবি |
| iii. রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য | iii. রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য |
| iv. আবশ্যকীয় জিনিসপত্র সঙ্গে আনবে | iv. আবশ্যক জিনিসপত্র সঙ্গে আনবে |
| v. তাহার বৈমাত্রেয় সহোদর ডাক্তার | v. তাহার বৈমাত্রেয় ভাই ডাক্তার |

**নমুনা প্রশ্ন ০৩: যেকোন পাঁচটি বাক্যের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর: --**

i. অন্ধ ছেলের নাম পদ্মলোচন

ii. নীরোগী লোকেরাই প্রকৃত সুখী

iii. সকল পাখিরা নীড় বাঁধে

iv. মাতাহীন শিশুটির পাশে কেউ দাঁড়ালো না

v. আগত শনিবার তোমার সঙ্গে দেখা হবে

vi. পড়াশোনা না করে সে চোখে হলুদ ফুল দেখছে

vii. আপনাদের স্বপরিবারে আমন্ত্রণ জানাচ্ছি

viii. পরীক্ষা চলাকালীন কথা বলবে না

## ৩ নম্বর প্রশ্ন উত্তর

| বাক্যের অপপ্রয়োগ | বাক্যের শুদ্ধ প্রয়োগ |
|---|---|
| i. অন্ধ ছেলের নাম পদ্মলোচন | i. কানা ছেলের নাম পদ্মলোচন |
| ii. সকল পাখিরা নীড় বাঁধে | ii. সকল পাখি নীড় বাঁধে |
| iii. মাতাহীন শিশুটির পাশে কেউ দাঁড়ালো না | iii. মাতৃহীন শিশুটির পাশে কেউ দাঁড়ালো না |
| iv. আপনাদের স্বপরিবারে আমন্ত্রণ জানাচ্ছি | iv. আপনাদের সপরিবারে আমন্ত্রণ জানাচ্ছি |
| v. পরীক্ষা চলাকালীন কথা বলবে না | পরীক্ষাকালীন কথা বলবে না |

### ⭕ নমুনা প্রশ্নোত্তর ০৪: অনুচ্ছেদের অপপ্রয়োগ শুদ্ধ কর:

নিজ ব্যক্তিত্বের বৈশিষ্ট্যতা দেখাতে সে সর্বদা সচেষ্ট। এ লক্ষ্যে বিনা প্রয়োজনে মিটিং চলাকালীন সময়েও দাঁড়িয়ে যায়। কেউ তার সমালোচনা করলে অপমানবোধ করে। নিজের দৈন্যতা সে বুঝতেই চায় না। তাই কেউ তাকে সহযোগীতা করতেও ভয় পায়।

## ০৪ নম্বর প্রশ্নের উত্তর

অনুচ্ছেদের শুদ্ধ প্রয়োগ : নিজ ব্যক্তিত্বের বৈশিষ্ট্য দেখাতে সে সর্বদা সচেষ্ট। এ লক্ষ্যে বিনা প্রয়োজনে মিটিং চলাকালীন দাঁড়িয়ে যায়। কেউ তার সমালোচনা করলে অপমানিত বোধ করে। নিজের দৈন্য /দীনতা সে বুঝতেই চায় না। তাই কেউ তাকে সহযোগিতা করতেও ভয় পায়।

### ⭕ নমুনা প্রশ্নোত্তর ০৫: অনুচ্ছেদের অপপ্রয়োগ শুদ্ধ কর:

লোকসাহিত্যে বাঙালী জীবনের প্রতিফলন ঘটে। বর্তমান জীবন থেকে বহুদূরে সেই অতীত কালের সমাজ- চিন্তাভাবনা লোকসাহিত্যে স্থান পেয়ে বিচিত্র পরিবর্তনের মাধ্যমে আধুনিক যুগে এসে উপনিত হয়েছে। আমাদের গ্রাম বাংলায় লোকো মুখে এখনও অসংখ্য ছড়াগান ও কাহিনি। সেগুলো সংগ্রহীত হলে আমাদের দেশ সমৃদ্ধ অর্জন করতে সক্ষম হবে।

## ০৫ নম্বর প্রশ্ন উত্তর

লোকসাহিত্যে বাঙালি জীবনের প্রতিফলন ঘটে। বর্তমান জীবন থেকে বহুদূরে সেই হয় অতীত কালের সমাজ- চিন্তাভাবনা লোকসাহিত্যে স্থান পেয়ে বিচিত্র পরিবর্তনের মাধ্যমে আধুনিক যুগে এসে উপনীত হয়েছে। আমাদের গ্রাম বাংলায় লোকোমুখে এখনও অসংখ্য ছড়াগান ও কাহিনি। সেগুলো সংগৃহীত হলে আমাদের দেশ সমৃদ্ধি অর্জন করতে সক্ষম হবে।